

## পর্বঃ৬

পল্লবী খান মার্কেটে ঢুকে স্কুটারটা দাঁড় করিয়ে একটি দোকানে ঢুকল। কয়েকটা চকলেট কিনল পুলকের জন্য। ঘরে পৌঁছতেই গেটের মুখে দেখে এই বৃষ্টি মাথায় নিয়ে রমা বৌদি ঢুকছে তার ঘরে।

‘এই যে ভাই তোমার কাছেই আসছিলাম, জানতো পূজোর সময় আমার ভাসুর জা আসছেন ময়মনসিংহ থেকে। একটু আগে ফোন পেলাম। এবার ঢাকেশ্বরী পার্কের পূজো দেখবেন। আমার ভাই চার পাঁচখানা ভালো তাত্তের শাড়ী চাই, আমার জা খুব জাঁদরেল, কি ভাবে যে তুষ্টি রাখবো ভেবেই পাচ্ছি না।’

‘আরে, তোমার জন্য সবচেয়ে ভালো শাড়ীগুলো বাছাই করে রেখে দেব, তোমার পছন্দের শাড়ী অর্ডার দিয়েছি। সাউথ বাবুরহাটের সিল্ক শাড়ীও পেয়ে যাবে। কোন চিন্তা করো না।’

‘অগ্রিম কিছু টাকা দেব, পরে বাকীটা মিটিয়ে দেব।’ ‘ঠিক আছে বৌদি, তোমাকে কি কখনও টাকার কথা বলেছি? যখন খুশী দিয়ে যেও।’ রমা চলে যাবার পর দেবুকাকা এসে বলল, পুলককে খাইয়ে দিয়েছি। এবার তুমিও চারটে খেয়ে নেবে চল। ও হ্যাঁ, দুপুরে একজন লোক এসেছিল, তোমার খৌজ করছিল। বলে গেল আবার আসবে।

‘কি নাম?’

‘বলল তো কমলাক্ষ।’